

কত রং কত ছবি

মনের আকাশে মোর
নীল রং মাখা ।

মনের দেয়ালে আছে
কত ছবি আঁকা ।

মনের পরিরা নাচে

ডানাগুলো মেলে

পরিগুলো উড়ে উড়ে

সারাদিন খেলে ।

মনের আকাশে ওঠে

রূপোরং চাঁদ ।

চাঁদের আলোয় হাসে

পূর্ণিমা রাত ।